

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া এর কার্যালয়।
 web:kushtia.judiciary.org.bd

স্মারক নং-৪৪১

তারিখঃ ০৯ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
 ২৫ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুষ্টিয়া এর নিম্নে উল্লেখিত অন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

ক্রমিক নং	পদের নাম	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	কম্পিউটার অপারেটর	১১,০০০-২৬,৫৯০ (গ্রেড-১৩)	০১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিপ্ৰাপ্ত হতে হবে। কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।
০২	অফিস সহায়ক	৮,২৫০-২০,০১০ (গ্রেড-২০)	০১	ন্যূনতম এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী

- আগ্রহী প্রার্থীকে দায়রা জজ, কুষ্টিয়া-কে সোধোন করে আবেদন করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১, তারিখ-২৯.১২.২০১৪ খ্রিঃ অনুযায়ী নির্ধারিত আবেদন ফরম ও kushtia.judiciary.org.bd ওয়েবসাইটে প্রদত্ত নমুনা প্রবেশপত্রের ০২ কপি স্বহস্তে পূরণপূর্বক 'চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া ও চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্তে বাছাই কমিটি' বরাবর ডাক/কুরিয়ারযোগে বা সরাসরি আগামী ১৫.১১.২০২২ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত থাকতে হবে।
 - আবেদনকারীর সম্পত্তি তোলা প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি।
 - আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতা, কোটা ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্রসমূহের সত্যায়িত ফটোকপি।
 - আবেদনকারীর জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।
 - আবেদনকারীর স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল/সত্যায়িত ফটোকপি।
 - অর্থনৈতিক কোড নং-১-২১০৮-০০০০-২০৩১-তে ত্রৈজারী চালানমূলে ক্রমিক নং-১ এ উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে ২০০ (দুইশত) টাকা ও ক্রমিক নং-২ এ উল্লিখিত পদে আবেদনের ক্ষেত্রে ১০০ (একশত) টাকা জমা প্রদান সংক্রান্তে চালানের কপি।
 - আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ডাক যোগাযোগের ঠিকানাযুক্ত ১৫/- (পনেরো) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিট সংলগ্ন ৯.৫" x ৪.৫" মাপের ফেরত খাম।
- সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩০.০৯.২০২২ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর গত ২২.০৯.২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ মোতাবেক প্রার্থীদের বয়স ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- বিজ্ঞপ্তিতে বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্তে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করা হবে। প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে নিম্নবর্ণিত ছকে তথ্য উল্লেখ করতে হবেঃ

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ	মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেটেড মন্ত্রণালয়ের মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও তারিখ	বান্দুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নারী-নারী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সনদপত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদ গোচরের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদপত্র প্রমাণক	মন্তব্য	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

- আবেদন প্রেরণ সংক্রান্তে খামের উপরে স্পষ্ট অক্ষরে আবেদনকারীর নাম-ঠিকানা, পদ ও কোটার নাম(যদি থাকে) লিখতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগের সার্কুলার নং-৮/২০১৫, তারিখঃ ০৭.০৬.২০১৫ খ্রিঃ মোতাবেক কেবল কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দা ও উপযুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থী না পাওয়া গেলে অন্য জেলার উপযুক্ত প্রার্থীর নিয়োগের বিষয়ে বিবেচনা করা হবে।
- মৌখিক পরীক্ষার সময়ে প্রার্থীকে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদ প্রদর্শন করতে হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- অত্র নিয়োগ বিজ্ঞপ্তি স্থগিত বা বাতিল, বিজ্ঞপ্তিকৃত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধিসহ নিয়োগ সম্পর্কিত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(শেখ তারিক এজাজ)

চেয়ারম্যান

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও
 চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।

PF-186-895/22 (6x3)